

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
স্বাস্থ্যশিক্ষাওপরিবারকল্যাণবিভাগ
স্বাস্থ্যওপরিবারকল্যাণমন্ত্রণালয়
উন্নয়ন অনুবিভাগ

নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০২.২১-১২৫

তারিখঃ ০১.০১.২০২৩খ্রিঃ।

বিষয়ঃ পটুয়াখালী জেলাধীন মোঃ কালু মোল্লা ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ডায়লা, পটুয়াখালী সদর পরিদর্শন প্রতিবেদন।

সূত্রঃ উন্নয়ন অনুবিভাগের স্মারক নং-৫৯.০০.০০০০.১২৮.৯৯.০০১.২১-১২২, তারিখঃ ২২/১২/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গত গত ২৬/১২/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ০১.৩০ টায় পটুয়াখালী জেলাধীন সদর উপজেলায় অবস্থিত মোঃ কালু মোল্লা ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্র, ডায়লা নিম্নস্বাক্ষরকারী কর্তৃক পরিদর্শন করা হয়। পরিদর্শনের সময় মোসাম্মৎ রুনা আক্তার, এফ, ডব্লিউ, ডি, মোঃ আঃ ওহাব, উপসহকারী কমিউনিটি মেডিকেল অফিসার, সেবিকা রানী দাই নার্স, রুনা ঘরামী, সেবিকা নার্স এবং আঃ সালাম, এম, এল, এস, এসসহ অন্যান্য কর্মকর্তা কর্মচারী এবং ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান উপস্থিতি ছিলেন। একমাত্র পরিবার কল্যাণ ডিজিটর মোসাম্মৎ রুনা আক্তার স্থায়ী স্টাফ হিসেবে ১৭/১২/২০২২ তারিখ হতে পদায়ন করা হয় এবং অন্যান্য স্টাফদেরকে গত ০১/০১/২০২২ তারিখ হতে অন্য স্বাস্থ্য কেন্দ্র হতে সংযুক্তির আদেশ দিয়ে কেন্দ্রটি চালু রাখা হয়েছে। উপস্থিত চেয়ারম্যান জানান কমলা ইউনিয়ন পরিষদকে দুইভাগে বিভক্ত করে নতুন একটি ইউনিয়ন পরিষদ নির্মাণ করা হয় তাই ডায়লা স্বাস্থ্য কেন্দ্রের জন্য বরাদ্দকৃত ঔষধ, কিটস সরঞ্জাম কমলা ইউনিয়ন স্বাস্থ্য কেন্দ্রের নামে বরাদ্দ হতে দেয়া হচ্ছে।

বর্তমান অবস্থা ও কার্যক্রমঃ

১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি পটুয়াখালী সদরের সাথে প্রবাহিত নদী পার হয়ে ৮ কিঃমি দূরে অবস্থিত। ৪ কোটি ৯৪ লক্ষ ৯৪ হাজার টাকা ব্যয়ে ডায়লা মৌজায় ৫০ শতাংশ জায়গার উপর ৩ তলা বিশিষ্ট কল্যাণ কেন্দ্র এবং ৩ তলা বিশিষ্ট ডরমেটরী নির্মাণ করা হয়। গত ২১/১২/২০১৯ তারিখে ভবনটি হস্তান্তর করা হয় এবং ০১/০১/২০২২ তারিখে কেন্দ্রটি চালু করা হয়েছে। মাঠ পর্যায়ে এফ, ডব্লিউ, এ এর ৭ টি পদ থাকলেও বর্তমানে ৬ জন এফ, ডব্লিউ, এ কর্মরত রয়েছে। ১ টি পদ শূণ্য রয়েছে। আলোচনাকালে জানা যায় যে, নতুন ইউনিয়ন হয়েছে কিন্তু এফ, ডব্লিউ, এ এর নতুন পদ সৃজন করা হয়নি পুরনো ইউনিয়নে কর্মরত এফ, ডব্লিউ, এ দ্বারা মাঠ পর্যায়ের কার্যক্রম চালানো হয়। স্বাস্থ্য কল্যাণ কেন্দ্রটিতে ১০ টি বেড, ইকুইপমেন্ট, কিটস সরবরাহ করা হয়েছে তবে কোন ডেলিভারীর কার্যক্রম চালু হয় নাই। পরিদর্শনকালে জানা যায় ১০ টি পদ সৃজন হয়েছে কিন্তু জনবলের সংকট থাকায় অদ্যাবধি নিয়মিত জনবল পদায়ন করা সম্ভব হয়নি।

সমস্যাঃ

১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রটি নতুনভাবে নির্মাণ করায় সকল আধুনিক সুযোগ সুবিধা রয়েছে। কিন্তু রোগীদের সেবা দেওয়ার মত উপযুক্ত ডাক্তার, নার্স, ওয়ার্ড বয় ও অন্যান্য স্টাফ নাই। অন্যান্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে স্টাফদের সংযুক্তি দিয়ে এ কেন্দ্রের কার্যক্রম চালানো হচ্ছে। ভাল ডাক্তারের অভাব থাকায় কেন্দ্রের সাধারণ রোগের সেবাগ্রহীতাদের উপস্থিতি খুবই কম। ভবনের কয়েকটি লাইট জলে না এবং বাথরুম, ফ্লোর অপরিষ্কার। কেন্দ্রটির বাহিরের পরিবেশ খুবই সুন্দর তবে পরিচ্ছন্নতা কর্মী ও নিরাপত্তা কর্মী না থাকায় ভবনের সার্বিক কার্যক্রম ব্যাহত হচ্ছে। রোগীদের জন্য সরবরাহকৃত বেড মরিচা ও ময়লা পরে নষ্ট হয়ে যাচ্ছে।

সুপারিশঃ

নতুনভাবে তৈরীকৃত ১০ শয্যা বিশিষ্ট মা ও শিশু কল্যাণ কেন্দ্রে জরুরীভাবে ডাক্তার, স্টাফ নিয়োগ করে পূর্ণাঙ্গ সেবা প্রদানের উদ্যোগ গ্রহণের সুপারিশ করা হলো। মহোদয়ের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে অত্র প্রতিবেদন দাখিল করা হলো।

এ. কে. এম. নুরুন্নবী কবির

অতিরিক্ত সচিব (উন্নয়ন অনুবিভাগ)

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

ফোন-৫৫১০০৮২২

সচিব

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।